

**গণ-বিজ্ঞপ্তি**

যেহেতু, নির্বাচন কমিশন এতদ্বারা স্থানীয় সরকার (উপজেলা পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১৩-এর বিধি ১৩ অনুযায়ী ০২ এপ্রিল ২০২৪ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন নং-১৭.০০.০০০০.০৭৯.৪০.০০৫.২৪-১৪৭ এর মাধ্যমে নাটোর জেলার বাগাতিপাড়া উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান এবং মহিলা ভাইস চেয়ারম্যান পদে নির্বাচন অনুষ্ঠানের জন্য নিম্নবর্ণিত সময়সূচি ধার্য করে প্রজ্ঞাপন জারি করেছে:

(ক)	রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট অনলাইনে মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ	:	২১ এপ্রিল ২০২৪ ০৮ বৈশাখ ১৪৩১	রবিবার
(খ)	রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	:	২৩ এপ্রিল ২০২৪ ১০ বৈশাখ ১৪৩১	মঙ্গলবার
(গ)	মনোনয়নপত্র বাছাইয়ে রিটার্নিং অফিসারের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল দায়ের	:	২৪-২৬ এপ্রিল ২০২৪ ১১-১৩ বৈশাখ ১৪৩১	বুধবার-শুক্রবার
(ঘ)	আপিল নিষ্পত্তি	:	২৭-২৯ এপ্রিল ২০২৪ ১৪-১৬ বৈশাখ ১৪৩১	শনিবার-সোমবার
(ঙ)	প্রার্থীতা প্রত্যাহারের শেষ তারিখ	:	৩০ এপ্রিল ২০২৪ ১৭ বৈশাখ ১৪৩১	মঙ্গলবার
(চ)	প্রতীক বরাদ্দ	:	০২ মে ২০২৪ ১৯ বৈশাখ ১৪৩১	বৃহস্পতিবার
(ছ)	ভোটগ্রহণের তারিখ	:	২১ মে ২০২৪ ০৭ জ্যৈষ্ঠ ১৪৩১	মঙ্গলবার

ভোটগ্রহণের সময়সীমা: সকাল ৮.০০ টা হতে বিকাল ৪.০০ টা পর্যন্ত ব্যালটের মাধ্যমে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে।

২। এক্ষণে, সেহেতু, আমি মোঃ মাহুদুর রহমান, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), নাটোর ও রিটার্নিং অফিসার বাগাতিপাড়া উপজেলা পরিষদ সাধারণ নির্বাচন-২০২৪, উক্ত বিধিমালায় বিধি ১৪ অনুযায়ী এতদ্বারা গণবিজ্ঞপ্তি জারি করছি যে, বাগাতিপাড়া উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান পদের নির্বাচনের জন্য মনোনয়নপত্র আগামী ২১ এপ্রিল ২০২৪/০৮ বৈশাখ ১৪৩১ তারিখ বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত অথবা উক্ত দিনের পূর্ববর্তী যে কোনো সময় অনলাইনে দাখিল করা যাবে।

৩। উল্লেখ্য যে, অনলাইনে মনোনয়নপত্র দাখিলের ক্ষেত্রে নির্বাচন কমিশনের ওয়েব সাইটে ([www.ecs.gov.bd](http://www.ecs.gov.bd)) প্রবেশ করে বাম পাশে মেন্যুবারে 'অনলাইনে মনোনয়নপত্র দাখিল' লিংকে (<https://onss.ecs.gov.bd>) প্রবেশ করে মনোনয়নপত্র দাখিল করতে হবে।

মোঃ মাহুদুর রহমান

অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), নাটোর

ও

রিটার্নিং অফিসার

বাগাতিপাড়া উপজেলা পরিষদ সাধারণ নির্বাচন-২০২৪

ফোন: ০২৫৮৮৮৭৩৭৭৮ (অফিস)

তারিখ: ০২ দিন ০৪ মাস ২০২৪ বৎসর

স্মারক নং-০৫.৪৩.৬৯০০.০০২.৯৯.০০৩.২৪-

তারিখ: ১৯ চৈত্র ১৪৩০  
০২ এপ্রিল ২০২৪

অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
২. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
৩. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
৪. বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৫. জেলা প্রশাসক, নাটোর।
৬. পুলিশ সুপার, নাটোর।
৭. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রাজশাহী অঞ্চল, রাজশাহী।
৮. উপজেলা নির্বাহী অফিসার, বাগাতিপাড়া, নাটোর ও সহকারী রিটার্নিং অফিসার [গণ-বিজ্ঞপ্তি উপজেলার জনবহুল স্থানে ব্যাপক প্রচার করার অনুরোধসহ]।
৯. জেলা কমান্ডেন্ট, আনসার ও ভিডিপি, নাটোর।
১০. জেলা তথ্য অফিসার, নাটোর [গণ-বিজ্ঞপ্তি উপজেলার জনবহুল স্থানে ব্যাপক প্রচার করার অনুরোধসহ]।
১১. উপজেলা নির্বাচন কর্মকর্তা, বাগাতিপাড়া, নাটোর [গণ-বিজ্ঞপ্তি উপজেলার জনবহুল স্থানে ব্যাপক প্রচার করার অনুরোধসহ]।
১২. অফিসার-ইন-চার্জ, বাগাতিপাড়া থানা, নাটোর।

অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), নাটোর

ও

রিটার্নিং অফিসার

বাগাতিপাড়া উপজেলা পরিষদ সাধারণ নির্বাচন-২০২৪